# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**

"প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রীজেস"

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০০০০.১২৭.১৪.০০৬.২০১৯-২১১৯ তারিখঃ ১৬/০৯/২০২২ খ্রি.।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,

জেলাঃ ............................ (৬১ জেলা)।

বিষয়: **Program for Supporting Rural Bridges (SupRB) এর আওতায় তার জেলায় চলমান সকল প্যাকেজসমূহের ওয়ার্ক প্ল্যান/সংশোধিত ওয়ার্ক প্ল্যান অনুমোদন পূর্বক পূর্ত কাজ চুক্তি মোতাবেক বাস্তবায়ন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Program for Supporting Rural Bridges (SupRB) এর আওতায় পূর্ত কাজ বাস্তবায়নের জন্য ইতোমধ্যে তার জেলায় একাধিক প্যাকেজের দরপত্র অনুমোদন প্রদান করা হয়েছে এবং বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। কর্মসূচীর পূর্তকাজ ব্যবস্থাপনার জন্য হালনাগাদকৃত e-PMS এর তথ্যাদি পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে যে, তার জেলায় কতিপয় প্যাকেজ Contract Document এর শর্ত মোতাবেক সময়ানুপাতিক অগ্রগতি অর্জিত হয়নি। Contract Document এর GCC Clause (Time Control).40.1, 40.2 এবং 40.3 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কাজ শুরু করে সয়ানুপাতিক অগ্রগতি অর্জন করার বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, অতিসত্ত্বর সম্প্রতি অনুষ্ঠিত আঞ্চলিক পর্যালোচনা সভায় প্রদত্ত পূর্ত কাজ বাস্তবায়ন কর্ম পরিকল্পনা মোতাবেক উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ঠিকাদারদের নিয়ে ম্যানেজমেন্ট মিটিং এর মাধ্যমে সংশোধিত ওয়ার্ক প্ল্যান অনুমোদন পূর্বক চলমান প্যাকেজসমূহের পূর্ত কাজ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বলা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট কোন ঠিকাদার কাজ বাস্তবায়নে অনাগ্রহী হলে চুক্তি বাতিল প্রক্রিয়া শুরু পূর্বক নিম্নস্বাক্ষরকারীকে লিখিত ভাবে অবহিত করার জন্য বলা হলো।

উল্লেখ্য তার জেলায় চলমান কাজ যথাযথ বাস্তবায়ন মনিটরিং করার জন্য অনুমোদিত ওয়ার্ক প্ল্যান/সংশোধিত ওয়ার্ক প্ল্যান সমূহের এক সেট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৬/০৯/২২

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রকল্প পরিচালক
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৪৪৮২৬২২৯
ই-মেইল: pd.suprb@lged.gov.bd

অনুলিপিঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগঃ ......................।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু রক্ষণাবেক্ষণ ও সড়ক নিরাপত্তা ইউনিট/সেতু বাস্তবায়ন ও ভবন ব্যবস্থাপনা ইউনিট), SupRB, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চলঃ ....................।

০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ........................., জেলাঃ .........................।

০৫। প্রোগ্রাম টিম লিডার, SupRB, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

০৬। BME/RQCE/SS, SupRB, এলজিইডি, অঞ্চলঃ ....................।

০৭। FRE/AE, SupRB, এলজিইডি, জেলাঃ ...............................।

F:\Letter\Adl CE Letter.docx